# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

**Second Term Test -2018**

**Class: 3 A &C**

**Subject: Bengali Text** **F.M.:54**

**Duration: 1hr 30 mins.** **Date: 30th July 2018**

(Marks will be deducted for untidy work, spelling mistakes & work not done in systematic manner.)

'ক' বিভাগ – ১২

১। একটি বাক্যে উত্তর লেখ : (শুধু উত্তর লিখবে) ১X8=8

ক) রবি ও শশী আমাদের কী দেয় ?

খ) আবদুল মাঝির গল্পটিকে কী ধরনের কাহিনি বলে ?

গ) ঋষিকুমারেরা কোথায় তর্পণ করত ?

ঘ) নালসো পিপঁড়েদের মধ্যে কার কাজ সবচেয়ে বেশী ?

২। শব্দের অর্থ লেখ :- ১X8=8

জবাব ,আনন , ইতস্তত , তুফান

৩) বিপরীত শব্দ লেখ : ১X8=8

পছন্দ ,আলো , হাসি . শেষ

'খ' বিভাগ – ১৮

৪। সংক্ষিপ্ত উত্তর লেখ :

ক) নালসো পিপঁড়েদের পরিবারে কতরকমের পিপঁড়ে দেখা যায় ? নাম লেখ ।

এদের মধ্যে কাদের ডানা থাকে না ? ২+১=৩

খ) প্রজাপতিদের কোথায় দেখতে ভালো লাগে ? ইন্দ্রধনু কথার অর্থ কী ?
ইন্দ্রধনু রকয়টি রঙ থাকে ? ১+১+১+=৩

গ) 'সে যখন রোদ পোহায় মনে হয় ভারি বিচ্ছিরি হাসি হাসছে' ---- সে বলতে কার কথা বলা হয়েছে ? সে কোথায় রোদ পোহায় ? দানোগিরগিটির আরো একটি নাম লেখ। ১+১+১+=৩

ঘ) কে কখন কাকে তপোবনে ফেলে রেখে চলে গেছিল ? কারা তাকে কুড়িয়ে পেয়েছিল ? ২+১=৩

ঙ) যুদ্ধের সময় নালসো পিপঁড়েদের প্রধান অস্ত্র কী ? ৩

চ) গুন্ টানা কী ? আবদুলের নৌকায় কে গুন টেনেছিল ? ২+১=৩

## 'গ' বিভাগ – ২৪

৫। উত্তরলেখ :

ক) 'এদের স্বভাব অতিশয় উগ্র' – কোন গল্প থেকে নেওয়া হয়েছে ? লেখকের নাম কী ? এদের বলতে কাদের কথা বলা হয়েছে ? কী রকম উগ্র স্বভাব লেখ ? ১+১+১+২=৫

খ) 'এমন শোভা দেখতে আমি
আমি বড়ই ভালোবাসি'

কোন কবিতা থেকে নেওয়া হয়েছে ? কবির নাম কী ? প্রজাপতিদের কোথায় দেখতে ভালোলাগে ? কেন ভালোলাগে ? ১+১+১+২=৫

গ) 'বাইরে ভেতরে অনেক মানুষের সঙ্গে তার চেনা শোনা হয়ে গেছে' --- কোন গল্প থেকে নেওয়া হয়েছে ? বাক্যটিতে বাইরে ভেতরে শব্দের মধ্যে কোন কথা বলা হয়েছে লেখ। ১+৪=৫

ঘ) মহর্ষি কন্বদেবের আশ্রম কোথায় ছিল ? সেই আশ্রমে কে কে থাকতেন ? ২+২=৪

ঙ) আবদুল মাঝি নেকড়ে বাঘটিকে কেমন করে ধরেছিল ? ৫



xxxxxxxxxxxxxxxxxxxxxxxxx

# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

**Second Term Test -2018**

**Class: 3 A &C**

**Subject: Bengali Text** **F.M.:54**

**Duration: 1hr 30 mins.** **Date: 30th July 2018**

(Marks will be deducted for untidy work, spelling mistakes & work not done in systematic manner.)

## Model Answer

### 'ক' বিভাগ – ১২

১। একটি বাক্যে উত্তর লেখ : ১X৪=৪

ক) রবি ও শশী আমাদের আলো দেয় ।

খ) আবদুল মাঝির গল্পটিকে কাল্পনিক কাহিনি বলে ।

গ) ঋষিকুমারেরা মালিনির জলে তর্পণ করত ।

ঘ) শ্রমিক নালসো পিপঁড়েদের কাজ সবচেয়ে বেশী ।

২। শব্দের অর্থ লেখ :- ১X৪=৪

জবাব - উত্তর, আনন - মুখ,

ইতস্তত – সংকোচ, তুফান – প্রবল ঝড় বৃষ্টি

৩) বিপরীত শব্দ লেখ : ১X৪=৪

পছন্দ -অপছন্দ, আলো -অন্ধকার, হাসি - কান্না, শেষ – শুরু

### 'খ' বিভাগ – ১৮

৪। সংক্ষিপ্ত উত্তর লেখ : ২+১=৩

ক) নালসো পিপঁড়েদের পরিবারে তিনরকমের পিপঁড়ে দেখা যায় । শ্রমিক নালসো

পিপঁড়ে, পুরুষ নালসো পি্পঁড়ে ও রাণী নালসো পিপঁড়ে ।

এদের মধ্যে শ্রমিক নালসো পিপঁড়েদের ডানা থাকে না ।

খ) প্রজাপতিদের ফুলের মাঝে দেখতে ভালো লাগে । ইন্দ্রধনু কথার অর্থ রামধনু ।

ইন্দ্রধনুতে সাতটি রঙ থাকে । ১+১+১=৩

গ) 'সে যখন রোদ পোহায় মনে হয় ভারি বিচ্ছিরি হাসি হাসছে' ---- সে বলতে কুমিরের কথা বলা হয়েছে । সে নদীর ধারে রোদ পোহায় । দানো গিরগিটির আরো একটি নাম হল কুমির। ১+১+১+=৩

ঘ) অপ্সরা মেনকা এক নিশুতি রাতে শকুন্তলাকে তপোবনে ফেলে রেখে চলে গেছিল । ঋষিকুমারেরা তাকে কুড়িয়ে পেয়েছিল । ২+১=৩

ঙ) যুদ্ধের সময় নালসো পিপঁড়েদের প্রধান অস্ত্র এক জোড়া শক্ত চোয়াল এবং এক প্রকার বিষাক্ত গ্যাস । ৩

চ) গুন টানা হল নৌকায় দাঁড় টানা । আবদুলের নৌকায় বাঘের বাচ্চাটি গুন টেনেছিল। ২+১=৩

## 'গ' বিভাগ – ২৪

৫। উত্তরলেখ :

ক) 'এদের স্বভাব অতিশয় উগ্র' – 'নালসো পিপঁড়েদের কথা' - গল্প থেকে নেওয়া হয়েছে । লেখকের নাম গোপাল চন্দ্র ভট্টাচার্য । এদের বলতে নালসো পিপঁড়েদের কথা বলা হয়েছে । এরা কাউকে বাসার নিকট পেলে দলে দলে ছুটে এসে আক্রমণ করে । মরে গেলেও কামড় ছাড়ে না । ১+১+১+২=৫

খ) 'এমন শোভা দেখতে আমি

বড়ই ভালোবাসি'

প্রজাপতি কবিতা থেকে নেওয়া হয়েছে । কবির নাম যোগীন্দ্রনাথ সরকার । প্রজাপতিদের ফুলের মাঝে দেখতে ভালো লাগে । বিভিন্ন ফুলের বিভিন্ন রঙ । প্রজাপতির রঙেরও অনেক বাহার তাই রঙ বেরঙের মাঝে তাদের দেখতে ভালো লাগে । ১+১+১+২=৫

গ) 'বাইরে ভেতরে অনেক মানুষের সঙ্গে তার চেনা শোনা হয়ে গেছে' – 'আবদুল মাঝির' গল্প থেকে নেওয়া হয়েছে । বাক্যটিতে বাইরে শব্দটি বলতে বাঘের সঙ্গে যার দেখা তার কথা বলা হয়েছে আর ভেতরে বলতে বাঘের পেটের ভেতর অর্থাৎ বাঘটি যাকে খেয়ে নিয়েছে তার কথা বলা হয়েছে । ১+৪=৫

ঘ) এক নিবিড় অরণ্যে তিন হাজার বছরের এক প্রকান্ড বটগাছের তলায় মহর্ষি কন্বদেবের আশ্রম ছিল । সেই আশ্রমে তপস্বী কন্ব আর মা গৌতমী থাকতেন । তাদের সঙ্গে কতকগুলি ঋষিকুমার থাকত । ২+২=৪

ঙ) আবদুলের বলা গল্পটিতে নেকড়ে বাঘটি ঝড়ের সময় পদ্মার ওপার গঞ্জের ঘাটের পাকুড় গাছে উঠে পড়েছিল । ঝড়ের দমকা হাওয়ায় যেই গাছটা ভেঙে পড়ল পদ্মায়, তখন বাঘ ভায়া জলের তোড়ে ভাসতে ভাসতে খাবি খেতে খেতে চরে এসে উঠল । সেই দেখে আবদুল রশিতে ফাঁস লাগিয়ে তাকে ধরল। ৫

XXXXXXXXXXXXXXXXXXX